# AKASHVANI(AIR)
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 22-06-2026** **Time: 1.30 PM**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১। পশ্চিমবঙ্গে বিজেপি পরিচালিত নতুন সরকারের রাজ্য বাজেট পেশ করেছেন অর্থমন্ত্রী ডক্টর স্বপন দাশগুপ্ত।

# রাজ্য সরকারী কর্মচারীদের জন্য আরো ২০ শতাংশ মহার্ঘ্য ভাতার কথা বাজেটে বলা হয়েছে।

# রাজ্যে এক লক্ষ শূন্য পদ পূরণ করার কথাও ঘোষণা করা হয়েছে।

২। বিদেশমন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর দু'দিনের সফরে মঙ্গোলিয়া পৌঁছেছেন।

৩। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ মধ্যপ্রদেশের কুনো জাতীয় উদ্যানে চিতা মিত্র এবং সাহারিয়া জনজাতির সদস্যদের সঙ্গে মতবিনিময় করেনএবং প্রজেক্ট চিতা-য় তাঁদের অবদানের প্রশংসা করেন।

৪। মার্কিন ভাইস প্রেসিডেন্ট জে ডি ভ্যান্স বলেছেন, ইরানের সঙ্গে আলোচনায় ইতিবাচক অগ্রগতি হচ্ছে ।

৫। কাতারের প্রাকৃতিক গ্যাসের গুরুত্বপূর্ণ এক কেন্দ্রে বিস্ফোরণে অন্তত ৫৪ জন আহত হয়েছেন এবং নিখোঁজ প্রায় ১৮ জন।

---

পশ্চিমবঙ্গে সরকার সরকারি, আধা সরকারি কর্মচারীশিক্ষক ও শিক্ষা কর্মীদের জন্য ২০ শতাংশ মহার্ঘ ভাতা বৃদ্ধির কথা ঘোষণা করেছে। বিধানসভায় আজ নব গঠিত সরকারের অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত বাকি ৮ মাসের জন্য পূর্ণাঙ্গ বাজেট পেশ করছেন। অতিরিক্ত ডিএ ঘোষণার ফলে সরকারি কর্মচারীদের মহার্ঘ ভাতার পরিমাণ বেড়ে দাঁড়াবে ৩৮ শতাংশ। একই সুবিধা পাবেন পেনশন প্রাপকরাও। পয়লা অক্টোবর থেকেই এই হার কার্যকর হবে জানিয়েছেন অর্থমন্ত্রী।

বাইট ডিএ

আগামী দিনে এক লক্ষ শূন্যপদে নিয়োগের কথাও ঘোষণা করেছে সরকার। এর মধ্যে  পুলিশ বিভাগে ২০ হাজার এবং ৫০ হাজার শিক্ষক ও শিক্ষাকর্মী নিয়োগ করা হবে। মোট নিয়োগের ৩৩ শতাংশ সংরক্ষিত থাকবে মহিলাদের জন্য। পাশাপাশি অগ্নিবীরদের জন্য নির্দিষ্ট ক্ষেত্রে ১০ শতাংশ সংরক্ষণের কথাও জানানো হয়েছে।

বাইট শূন্যপদ

অর্থমন্ত্রী জানিয়েছেন, বর্তমানে রাজ্যে মোট ঋণের পরিমাণ ৮ লক্ষ ১৫ হাজার ৮৯১ কোটি টাকা। এর ফলে একদিকে সামাজিক প্রকল্প, অন্যদিকে আর্থিক শৃঙ্খলা—এই দুইয়ের মধ্যে ভারসাম্য রক্ষা করাই সরকারের সামনে সবচেয়ে বড় পরীক্ষা। ৬০ কোটি ৭০ লক্ষ টাকার ঘাটতি বাজেট পেশ করে অর্থমন্ত্রী দাবি করেছেন, এটি বিকশিত বাংলা গড়ার রূপরেখা।

বাজেটে অন্নপূর্ণা যোজনার জন্য ৩৬ হাজার কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। অগ্রাধিকার দেওয়া হয়েছে, বিভিন্ন দপ্তরের উন্নয়নকেও কৃষি বিভাগে ৮ হাজার ৫৬৫ কোটি টাকার বেশি, খাদ্য ও সরবরাহ বিভাগে ৮ হাজার ৫৩ কোটি টাকা, উচ্চ শিক্ষা

ক্ষেত্রে ৭ হাজার কোটি টাকার বেশি, স্বরাষ্ট্র ও পার্বত্য বিষয়ক বিভাগে ১৭ হাজার ৯২৫ কোটি টাকার বেশি বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে।

পার্শ্ব শিক্ষকদের বেতন ৫ হাজার টাকা বাড়ানো হচ্ছে। সিভিক ভলান্টিয়ার, ভিলেজ পুলিশ ও গ্রীন পুলিশ, হোমগার্ড এবং এনভিএফ কর্মীদের মাসিক পারিশ্রমিক ২ হাজার টাকা বৃদ্ধির কথা ঘোষণা হয়েছে। একই সঙ্গে রাজ্য পরিবহন নিগমে কর্মরত চুক্তিভিত্তিক কন্ডাক্টরদের পারিশ্রমিক বাড়িয়ে ১৬ হাজার টাকা করা হবে। অঙ্গনওয়ারি কর্মী ও সহায়িকা আশাকর্মীদের জন্য মাসে ৫ হাজার টাকা সাম্মানিক বৃদ্ধির কথাও ঘোষণা করেছেন অর্থমন্ত্রী। মিড ডে মিলের রাঁধুনিদের এক হাজার ভাতা বৃদ্ধির ঘোষণা।

-------------------------

বিদেশমন্ত্রী ড. এস. জয়শঙ্কর দু' দিনের সফরে মঙ্গোলিয়ায় পৌঁছেছেন। সামাজিক মাধ্যমের এক বার্তায় ড. জয়শঙ্কর এই তথ্য জানিয়ে বলেন যে, ভারত ও মঙ্গোলিয়ার মধ্যে বিশেষ অংশীদারিত্বকে আরও এগিয়ে নিতে ফলপ্রসূ আলোচনার অপেক্ষায় রয়েছেন তিনি। এই সফরে বিদেশ মন্ত্রী মঙ্গোলিয়ার শীর্ষ নেতৃত্বের সঙ্গে সাক্ষাৎ করবেন এবং সে দেশের বিদেশমন্ত্রী বি. বাতসেতসেগের সঙ্গে আলোচনা করবেন।

সফরের দ্বিতীয় পর্যায়ে, বিদেশমন্ত্রী বুধবার ও বৃহস্পতিবার দক্ষিণ কোরিয়া সফর করবেন। এই সফরে তিনি সে দেশের বিদেশমন্ত্রী চো হিউনের সঙ্গে আলোচনা করবেন। এছাড়া বৃহস্পতিবার জেজু-তে আয়োজিত জেজু ফোরাম ফর পিস অ্যান্ড প্রসপারিটিতে তিনি মূল বক্তব্য রাখবেন।

-------------------------

নতুন দিল্লিতে BRICS গোষ্ঠীভুক্ত দেশগুলির, জাতীয় নিরাপত্তা উপদেষ্টাদের দু'দিনের বৈঠক আজ শুরু হচ্ছে। ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভাল এই বৈঠকে সভাপতিত্ব করবেন। ভারত সহ, ব্রিকস গোষ্ঠীর ১১ টি সদস্য দেশের নিরাপত্তা প্রধানরা অংশ নিতে চলেছেন এই বৈঠকে। বৈঠকের মূল ভাবনা 'বর্তমান বিশ্বে অপ্রচলিত নিরাপত্তা সমস্যা'। এতে জাতীয় নিরাপত্তা সমস্যাগুলির দ্রুত পরিবর্তনশীল প্রকৃতি এবং নিরাপত্তা ঝুঁকিতে নতুন প্রযুক্তির ভূমিকা নিয়ে আলোচনা হবে। প্রতিনিধিরা সাইবার নিরাপত্তা, ডিজিটাল দুর্বলতা এবং কৃত্রিম বুদ্ধিমত্তা-চালিত সমস্যার বিষয়গুলিও পর্যালোচনা করবেন। জাতীয় নিরাপত্তা উপদেষ্টা ও প্রতিনিধিদলের প্রধানরা, সন্ত্রাসবাদ দমন এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহারে, নিরাপত্তা বিষয়ক ব্রিকসের যৌথ ওয়ার্কিং গ্রুপগুলির সাম্প্রতিক কার্যাবলীর ফলাফল পর্যালোচনা করবেন।

উল্লেখ্য, ভারত চতুর্থবারের মতো ব্রিকসের সভাপতির দায়িত্ব পালন করছে। চীনের বিদেশমন্ত্রী ওয়াং ই এই বৈঠকে যোগ দেবেন বলে সেদেশের বিদেশমন্ত্রক নিশ্চিত করেছে।

---------------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ মধ্যপ্রদেশের শিয়োপুর জেলার কুনো জাতীয় উদ্যানে চিতা মিত্র এবং সাহারিয়া জনজাতির সদস্যদের সঙ্গে মতবিনিময় করেন। তিনি প্রজেক্ট চিতা-য় তাঁদের অবদানের প্রশংসা করেন এবং বলেন যে, এই উচ্চাকাঙ্ক্ষী সংরক্ষণ কর্মসূচির সাফল্যে স্থানীয় সম্প্রদায়ের সক্রিয় অংশগ্রহণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

এর আগে, রাষ্ট্রপতি কুনো জাতীয় উদ্যানে ঘুরে দেখেন করেন এবং চিতা পুনর্বাসন প্রকল্পের অগ্রগতির পর্যালোচনা করেন। তিনি চিতা কমান্ড অ্যান্ড কন্ট্রোল সেন্টারও পরিদর্শন করেন।

বন আধিকারিকেরা রাষ্ট্রপতিকে জানান যে, বর্তমানে ভারতে মোট ৫২টি চিতা রয়েছে। এর মধ্যে ৪৯টি কুনো জাতীয় উদ্যানে এবং তিনটি গান্ধী সাগর বন্যপ্রাণী অভয়ারণ্যে রাখা হয়েছে। এছাড়া, চিতাদের জন্য বনের ভেতরে গড়ে তোলা গতিবিধির অনুসরণ বা ট্র্যাকিং ব্যবস্থা, সংরক্ষণ উদ্যোগ এবং পানীয় জলের সুব্যবস্থা সম্পর্কেও তাঁকে অবহিত করা হয়।

২০২২ সালে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নামিবিয়া থেকে আনা আটটি চিতাকে কুনো জাতীয় উদ্যানে নিয়ে আসার মধ্য দিয়ে প্রজেক্ট চিতার সূচনা করেছিলেন। পরবর্তীতে দক্ষিণ আফ্রিকা ও বতসোয়ানা থেকেও আরও চিতা আনা হয়। ধারাবাহিক সংরক্ষণ ও প্রজনন প্রচেষ্টার ফলে কুনোতে চিতার সংখ্যা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে, এরফলে ভারতের বন্যপ্রাণী সংরক্ষণ কর্মসূচিতে এক উল্লেখযোগ্য মাইলফলক হিসেবে চিহ্নিত হয়ে আছে।

---------------------------

সাংসদ শশী থারুরের নেতৃত্বে গঠিত বিদেশ বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটি কৌশলগত সীমান্ত নিরাপত্তা ও বিদেশ নীতি সংক্রান্ত বিষয়গুলো পর্যালোচনা করতে জম্মু-কাশ্মীর ও লাদাখে চার দিনের এক সমীক্ষা সফর শুরু করেছে। আমাদের সংবাদদাতা জানিয়েছেন, সীমান্ত ব্যবস্থাপনা এবং সীমান্তবর্তী এলাকার নিরাপত্তা পরিস্থিতি সম্পর্কে প্রত্যক্ষ ধারণা লাভের লক্ষ্যে কমিটি এই মাসের ২৫ তারিখ পর্যন্ত জম্মু, শ্রীনগর, কার্গিল ও লেহ সফর করবে।

কমিটি ভারতের দ্বিপাক্ষিক সম্পর্কের সাম্প্রতিক ঘটনাবলি, সিন্ধু জল চুক্তি স্থগিতের বিষয়টি এবং নিয়ন্ত্রণ রেখা ও আন্তর্জাতিক সীমান্ত বরাবর আন্তঃসীমান্ত সন্ত্রাসবাদের হুমকির বিষয়গুলো খতিয়ে দেখছে। এছাড়া ভারত-চীন সম্পর্ক এবং পূর্ব লাদাখে প্রকৃত নিয়ন্ত্রণ রেখা বরাবর পরিস্থিতির ওপরও তারা বিশেষ গুরুত্ব দিচ্ছে।

কমিটির সদস্যরা সীমান্তবর্তী এলাকার স্থানীয় বাসিন্দাদের সঙ্গে মতবিনিময়ের পাশাপাশি ঊর্ধ্বতন বেসামরিক ও সামরিক কর্মকর্তাদের সঙ্গেও আলোচনা করছেন। এর আগে, নতুনদিল্লিতে বিদেশ মন্ত্রক এবং বিদেশ সচিব বিক্রম মিশ্রি ভারত-চীন সম্পর্ক ও পাকিস্তানের বিষয়ে ভারতের অবস্থান সম্পর্কে কমিটিকে বিস্তারিত অবহিত করেছিলেন।

--------------------------

জুন মাস ছানি নিবারণ মাস হিসেবে চিহ্নিত। ছানি জনিত সমস্যা ও তার প্রতিকার এবং সার্বিকভাবে চক্ষুরোগ ও তার চিকিৎসা নিয়ে এবারের আজকের প্রসঙ্গে বিশেষ আলোচনা - চোখের আলোয়। চক্ষুরোগ বিশেষজ্ঞ ডাক্তার ভাস্কর মুখার্জীর সঙ্গে কথা বলেছেন সুস্মিতা মন্ডল। অনুষ্ঠানটি শোনা যাবে দুটি পর্বে ।

আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত এই অনুষ্ঠানের প্রথম পর্ব সম্প্রচারিত হবে আগামী মঙ্গলবার ২৩ জুন, গীতাঞ্জলি প্রচারতরঙ্গে। DTH পরিষেবা ও আমাদের সোশ্যাল মিডিয়াতেও এটি শোনা যাবে। দ্বিতীয় তথা শেষ পর্ব প্রচারিত হবে ৩০শে জুন।

--------------------------

মার্কিন ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স বলেছেন, ইরানের সঙ্গে আলোচনায় ইতিবাচক অগ্রগতি হচ্ছে। সুইজারল্যান্ডে বার্গেনস্টক রিসোর্টে মার্কিন যুক্তরাষ্ট্র ও ইরানের প্রতিনিধিদল, তেহরানের পরমাণু কর্মসূচি ও আঞ্চলিক নিরাপত্তা সংক্রান্ত বিষয় নিয়ে আলোচনার জন্য রুদ্ধদ্বার বৈঠকে মিলিত হয়েছে। আলোচনা এখনও চলছে বলে খবর। মার্কিন প্রতিনিধিদলের নেতৃত্বে রয়েছেন ভাইস প্রেসিডেন্ট জে ডি ভ্যান্স, ইরানের নেতৃত্বে রয়েছেন স্পিকার মহম্মদ বাঘের গালিবাফ এবং বিদেশমন্ত্রী সৈয়দ আব্বাস

আরাঘচি। ইরানের পারমাণবিক কর্মসূচি ছাড়াও ইজরায়েল ও লেবাননের মধ্যে যুদ্ধবিরতির বিষয়টি নিয়েও এই বৈঠকে কথা হবে বলে মনে করা হচ্ছে।

লেবাননের পরিস্থিতি এবং সেখানে ইজরায়েলের সামরিক অভিযান সম্পর্কে এক প্রশ্নের জবাবে ভ্যান্স বলেন, কূটনৈতিক বার্তালাপে ইতিবাচক ইঙ্গিত মিলছে, তবে দীর্ঘস্থায়ী সমাধানের ব্যাপারে এখনও মতপার্থক্য রয়ে গেছে। তিনি বলেন, সাম্প্রতিক সময়ে উত্তেজনা প্রশমনে ও শান্তি প্রচেষ্টাকে এগিয়ে নিয়ে যেতে আমেরিকা অগ্রণী ভূমিকা পালন করেছে।

-------------------------

কাতারের প্রাকৃতিক গ্যাসের গুরুত্বপূর্ণ কেন্দ্রে বিস্ফোরণে অন্তত ৫৪ জন আহত হয়েছেন এবং নিখোঁজ প্রায় ১৮ জন। সরকারি সূত্রে জানা গেছে আঞ্চলিক সমস্যার জেরে সৃষ্ট বিঘ্ন কাটিয়ে কাজকর্ম পুনরায় চালুর চেষ্টার সময় গত রাতে বিশ্বের অন্যতম প্রধান জ্বালানি কেন্দ্র রাস লাফান শিল্প এলাকায় এই বিস্ফোরণ ঘটে। এর ফলে বারজান গ্যাস সরবরাহ কেন্দ্রে ভয়াবহ অগ্নিকাণ্ডের সৃষ্টি হয় এবং উদ্ধারকারী দল দ্রুত ঘটনাস্থলে ছুটে যায়।

ক্ষয়ক্ষতির পরিমাণ এখনো অস্পষ্ট, বিস্ফোরণের কারণ অনুসন্ধানে কাতার সরকার তদন্ত শুরু করেছে। বিস্ফোরণের পিছনে কোনো নিছক দুর্ঘটনায়, নাকি নাশকতার ঘটনা আছে কিনা তা খতিয়ে দেখা হচ্ছে।

-------------------------

আগামী ১৪ জুলাই থেকে শুরু হতে চলা ইংল্যান্ড সফরের জন্য, ভারতের ক্রিকেট কন্ট্রোল বোর্ড-BCCI ১৫ সদস্যের ওয়ান ডে দল ঘোষণা করেছে।

শুভমান গিলের নেতৃত্বে ঘোষিত এই দলে ফিরেছেন বিরাট কোহলি ও জাসপ্রিত বুমরাহর মতো অভিজ্ঞ খেলোয়াড়রা। দলের সহ-অধিনায়ক হিসেবে দায়িত্ব পেয়েছেন শ্রেয়াস আইয়ার। এছাড়া দলে রয়েছেন রোহিত শর্মা, কে এল রাহুল, ঈশান কিষাণ, ওয়াশিংটন সুন্দর, অক্ষর প্যাটেল, নীতিশ কুমার রেড্ডি, কুলদীপ যাদব, জাসপ্রিত বুমরাহ, প্রসিদ্ধ কৃষ্ণা, হর্ষিত রানা, অর্শদীপ সিং এবং গুরনূর ব্রার।

তিন ম্যাচের এই ওয়ানডে সিরিজটি ১৪ জুলাই এজবাস্টনে শুরু হবে। এরপর ১৬ জুলাই কার্ডিফে দ্বিতীয় ম্যাচ এবং ১৯ জুলাই ঐতিহাসিক লর্ডসে সিরিজের শেষ ওয়ানডে-টি অনুষ্ঠিত হবে।

------------------------- -------------------------